তারিখ ... 18 APR 2017
পৃ. ... ২৭ ... 2 ...

যুগান্তর

# বন্ধ হয়ে গেল ঢাকা বোর্ডের ৭৯ কলেজ

**যুগান্তর রিপোর্ট**

৭৯টি কলেজ বন্ধ করে দিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। সোমবার এ সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে। এর ফলে এসব প্রতিষ্ঠান এবার একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করতে পারবে না। প্রতিষ্ঠানগুলোর নামের তালিকা বোর্ডের ওয়েবসাইটে (www.dhakaeducationboard.gov.bd) প্রকাশ করা হয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান যুগান্তরকে বলেন, 'শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে আমরা এসব প্রতিষ্ঠান বন্ধ করে দিয়েছি। এর মধ্যে দুই ধরনের প্রতিষ্ঠান আছে। এক, যেসব প্রতিষ্ঠান পাবলিক পরীক্ষায় একজনও পাস করাতে পারেনি। দুই, গত দু'বছর যেসব প্রতিষ্ঠানে একজন শিক্ষার্থীও ভর্তির আবেদন করেনি।'

শিক্ষা মন্ত্রণালয় এবং বিভিন্ন বোর্ড সূত্রে জানা গেছে, ভর্তির নিষেধাজ্ঞার তালিকায় এই ৭৯টিসহ সারা দেশে মোট ২০০ কলেজ ও মাদ্রাসা আছে। অন্য বোর্ডগুলোও চিহ্নিত প্রতিষ্ঠানে এবার শিক্ষার্থী ভর্তি করতে দেবে না। এ লক্ষ্যে প্রত্যেক বোর্ডই ঢাকায় কেন্দ্রীয় ভর্তি কমিটির কাছে তালিকা পাঠিয়েছে। উল্লিখিত প্রতিষ্ঠানের মধ্যে ১৯৪ কলেজে গত বছর একাদশ শ্রেণীতে কোনো শিক্ষার্থী ভর্তি হয়নি। ২৫টি কলেজ-মাদ্রাসায় গত বছর কোনো শিক্ষার্থী পাস করেনি। এর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে আছে ৯৮টি (৯৫টি ভর্তি শূন্য ৩টি পাস শূন্য)। যশোর বোর্ডে ৫টি কলেজে শিক্ষার্থী ভর্তি হয়নি এবং ১টি কলেজে শিক্ষার্থী পাস করেনি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর